

যুগান্তর

জবিতে স্নাতক ১ম বর্ষের ভর্তি শুরু ৫ জুন

👤 জবি প্রতিনিধি

🕒 ০৪ জুন ২০২৪, ২২:৪২:৩৮ | [অনলাইন সংস্করণ](#)



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১ম পর্যায়ের ভর্তি কার্যক্রম বুধবার (৫ জুন) শুরু হয়ে চলবে শুক্রবার (৭ জুন) পর্যন্ত।

মঙ্গলবার (৪ জুন) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. আইনুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কার্যক্রমের ১ম পর্যায়ে ৫ জুন (বুধবার) দুপুর ১২ টা হতে ৭ জুন (শুক্রবার) রাত ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে পাঁচ হাজার টাকা জমা দিয়ে প্রাথমিকভাবে ভর্তি হতে হবে।

পরবর্তীতে প্রাথমিক ভাবে ভর্তি হওয়া শিক্ষার্থীরা ০৬ জুন (বৃহস্পতিবার) হতে ০৮ জুন (শনিবার) পর্যন্ত সকাল ৮ টা হতে বিকাল ৪ টার মধ্যে সংশ্লিষ্ট ডীন অফিসে এসে এসএসসি ও এইচএসসি সমমান পরীক্ষার নম্বরপত্র ও ভর্তি ফি জমার Acknowledgement Slip প্রদর্শনপূর্বক প্রাথমিক ভর্তি নিশ্চিত করতে হবে।

ভর্তি সংক্রান্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইড <https://admission.jnu.ac.bd> ও সমন্বিত
গুচ্ছ ভর্তি পরীক্ষার ওয়েবসাইট <https://gstadmission.ac.bd> লগইন করে বিস্তারিত জানা
যাবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা
প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন
: ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

